

**জীবির শিক্ষক সমিতি
 নিবাচনে নীল দলের
 নিরঙ্কুশ বিজয়**

সভাপতি ড. সেলিম ও সাধারণ
 সম্পাদক ড. সাইফুদ্দীন

জবি রিপোর্টার : জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের
 প্রধান কার্যালয়ের মতো অনুষ্ঠিত হওয়া
 নিবাচনে নিরঙ্কুশ বিজয় অর্জন করেছে
 আওয়ামী লীগ সমর্থিত ও প্রগতিশীল
 শিক্ষকদের নীল দলের প্যানেল।
 সভাপতি নির্বাচিত হয়েছেন নীল দলের
 প্রার্থী ও ইতিহাস বিভাগের চেয়ারম্যান
 অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম। সাধারণ
 সম্পাদক নির্বাচিত হয়েছেন মনোবিজ্ঞান
 বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী
 সাইফুদ্দীন। ১৫ সদস্যের নির্বাহী
 কমিটির সভাপতি পদেই বিশাল জেটের
 ব্যবস্থানে বিজয় লাভ করেছে নীল
 প্যানেল। গতকাল (বৃহস্পতি) বিশ্ববিদ্যালয়ের
 কেন্দ্রীয় মিলনায়তনে সকাল ৯টা থেকে
 বিকাল ৩টা পর্যন্ত ভোটাগ্রহণ সম্পন্ন হয়।
 জোট পন্থা শেষে রাত পোয়া ৮টার
 নির্বাচন কমিশন এ ফলাফল ঘোষণা
 করে।

শিক্ষক সমিতির ১৫ সদস্যের নির্বাহী
 কমিটির এই নিবাচনে নীল ও বিএনপি-
 জামায়াতপন্থী সাদা দল দুই প্যানেলে
 নির্বাচনে অংশ নেয়। নির্বাচনে ৩৭
 ভোটারের মধ্যে ২৭৫ জন ভোটার ভোট
 প্রদান করেন। জোট পন্থার দেখা যায়
 সভাপতি পদে নীল দলের প্রার্থী
 অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম পেয়েছেন
 ২৩৩ ভোট। এই পদে প্রতিদ্বন্দ্বী সাদা
 দলের প্রার্থী ম্যানুয়েল টাউন্স
 বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ
 মোশারফ পেয়েছেন ৩৯ ভোট।
 সহ-সভাপতি পদে নীল দলের প্রার্থী
 অধ্যাপক ড. এসএম আনোয়ার বেগম
 ২০১ ভোট আর তার প্রতিদ্বন্দ্বী প্রার্থী
 সাদা দলের সহযোগী অধ্যাপক মুহাম্মদ
 মঞ্জুর মুর্শেদ পেয়েছেন ৬৪ ভোট।
 কোষাধ্যক্ষ পদে নীল দলের ড. অরুণ
 কুমার শোহামী ১৭৪ ভোট আর সাদা
 দলের প্রার্থী ড. মোঃ আব্বাস খান ৮৮
 ভোট পেয়েছেন। সাধারণ সম্পাদক পদে
 নীল দলের প্রার্থী অধ্যাপক ড. কাজী
 সাইফুদ্দীন ১৯৪ ভোট আর সাদা দলের
 প্রার্থী অধ্যাপক ড. মোঃ রইছুদ্দীন ৭৪
 ভোট পেয়েছেন। মুগ্ধ সাধারণ সম্পাদক
 পদে নীল দলের প্রার্থী ড. মোহা.
 ফিরোজ পেয়েছেন ১৯৯ ভোট আর সাদা
 দলের প্রার্থী অধ্যাপক মোঃ
 শাহীনুজ্জামান পেয়েছেন ৭১ ভোট।
 কার্যনির্বাহী সদস্য পদে নীল দলের
 অধ্যাপক ড. জাকির হোসেন ২০৯
 ভোট অধ্যাপক ড. কামালউদ্দীন

আহমেদ ২০৫ ভোট ড. মোহাম্মদ
 সাইফুল ইসলাম ২০৫ ভোট, জুনায়দ
 আহমদ হালিম ২১৩ ভোট ড. পরিমল
 বালা ২১১ ভোট, নাসির উদ্দিন আহমেদ
 ২০৬ ভোট, মোঃ কামাল হোসেন ২০৩
 ভোট, নূর মোহাম্মদ ২১০ ভোট,
 মোহাম্মদ মনিরুজ্জামান খান ২০০ ভোট
 এবং মোঃ আব্বাস হুস্বাল ১৮৪ ভোট
 পেয়ে নির্বাচিত হয়েছেন। নীল দলের
 বিজয়ী কার্যনির্বাহী সদস্য মোঃ কামাল
 হোসেন তাসকবিক প্রতিদ্বন্দ্বী জানাতে
 গিয়ে বলেন, আমি বুঝে বুঝি। কারণ
 প্রথম কোন নির্বাচনে জলে নিয়ে আমার
 প্যানেলসহ আমি জয়ী হয়েছি।